## তেরখাদা উপজেলা পরিষদের অক্টোবর /২১ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শহীদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ২৮/১০/২০২১ খ্রিঃ, বিকাল : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা।

### সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম, Zoom Video Conference এর মাধ্যমে সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়কে শুভেচ্ছা জানান এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন ।

উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয় এবং সকল জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরকারি বিভিন্ন দপ্তরের কার্যক্রম অবহিত করেন। তেরখাদা উপজেলার মধুপুর ইউনিয়নে নদী ভাঙ্গনের কারনে ২২ পরিবার গৃহহীন হয়ে পড়েছেন মর্মে অবহিত করেন এবং তাদেরকে আর্থিক সহযোগীতা করা হয়েছে মর্মে অবহিত করেন। নদী ভাঙ্গন কবলিত এলাকায় স্থায়ী বাধ নির্মানের জন্য পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলীর মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। তেরখাদা উপজেলার উন্নয়নে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি আশ্রায়ন প্রকল্পে সুপেয় পানির ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ জানান এবং সকল জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, আশ্রায়ন প্রকল্পের জন্য খাস জমি পাওয়া না গেলে ভূমি অধিগ্রহনের বিষয়ে মতামত প্রদান করেন।

অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় দপ্তর ভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | সভা ও স্থায়ী কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে । কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত এশটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | উপজেলা প্রকৌশলী সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে তেরখাদা উপজেলার উন্নয়নের চিত্র তুলে ধরেন। সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ তিনি বলেন, বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় ১মএবং ২য় কিস্তিতে ২২.৫৪ লক্ষ টাকা হারে বরাদ্দ পাওয়া গেছে। তিনি বলেন ১ম কিস্তিতে যে বরাদ্দ পাওয়া গেছে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে ও একই হারে বরাদ্দ পাওয়া যাবে। তিনি বলেন, জরুরী ভিত্তিতে "আটলিয়া মাদ্রাসা সংলগ্ন ইউড্রেন নির্মান এবং তেরখাদা আকিব শেখ এর বাড়ি সংলগ্ণ রাস্তা আর সিসি করন ও তেরখাদা জামে মসজিদ সংলগ্ন ইউড্রেন নির্মান" করা প্রয়োজন। তিনি জরুরী অগ্রাধিকার ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ এ সকল প্রকল্প (ADP) এর আওতায় বাস্তবায়নের জন্য অনুরোধ জানান । | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জরুরী ভত্তিতে (ADP) এর আওতায় আরএফকিউ(RFQ) পদ্ধতিতে ৫.০০ লক্ষ টাকা ব্যয় সীমিত রেখে "আটলিয়া মাদ্রাসা সংলগ্ন ইউড্রেন নির্মান এবং তেরখাদা আকিব শেখ এর বাড়ি সংলগ্ন রাস্তা আর সিসি করন ও তেরখাদা জামে মসজিদ সংলগ্ন ইউড্রেন নির্মান" প্রকল্পটি বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | আলোচনা-২ ঃ উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, গত ৩১/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক বরাদ্দ হতে করোনা ভাইরাস কোভিড-১৯ এর সংক্রমন প্রতিরোধমূলক ব্যবস্থাগ্রহণের লক্ষ্যে ৩.৯৭ লক্ষ টাকার বিপরীতে (RFQ) পদ্ধতিতে করোনা ভাইরাস প্রতিরোধকল্পে "মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার ও থার্মাল স্কানার ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি উক্ত প্রকল্পটি (RFQ) পদ্ধতি এর পরিবর্তে Quotation পদ্ধতিতে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জরুরী ভত্তিতে (ADP) এর আওতায় আরএফকিউ Quotation পদ্ধতিতে ৩.৯৭ লক্ষ টাকার বিপরীতে করোনা ভাইরাস প্রতিরোধকল্পে "মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার ও থার্মাল স্কানার ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা। |
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, কোভিড-১৯ এর ভ্যাক্সিন কার্যক্রম চলমান রয়েছে। সকল ইউনিয়নে গনটিকা চলমান রয়েছে। তিনি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন হাসপাতালে এক্সরে বিভাগ ও প্যাথলজি ল্যাবে জনবল সংকটের কারনে এ সকল সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। তিনি এ বিষয়ে সংসদ সদস্য মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয়, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা সেবার মান বাড়ানো এবং রিমোট এলাকার জনসাধারন যেন স্বাস্থ্যসেবা পায় তা নিশ্চিত করার অনুরোধ জানান। সেবার মান বাড়ানোর জন্য সার্জিক্যাল বেড এবং অক্সিজেন সিলিন্ডার সংখ্যা বাড়ানোর অনুরোধ জানান, সংসদ সদস্য মহোদয় ব্যক্তিগত ভাবে এবং সালাম মূর্শেদী সেব সংঘের মাধ্যমে অক্সিজেন সিলিন্ডার এবং সার্জিক্যাল বেডের ব্যবস্থা গ্রহন করবেন মর্মে অবহিত করেন। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৪ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর তেরখাদা, খুলনা সভায় উপস্থিত মাননীয় সংসদ সদস্যকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরের বিভিন্ন ইউনিয়নে ৪০৬টি গভীর নলকুপ স্থাপন, ৩৯০টি রেইন ওটার হার্ভেস্টিং ও ১০ টি কমিউনিটি লাট্রিন নির্মাণ কাজ চলমান রয়েছে। PEDP-4 প্রকল্পের আওতায় চরপাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, আনন্দনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় , আজগড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, জুনারী সরকারি প্রাথমিক বিদ্যালয়, নয়াবারাসাত সরকারি প্রাথমিক বিদ্যালয়, শেখপুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক নির্মানের কাজ চলমান রয়েছে। এবং দাপ্তরিক সকল কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ০৫ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সেপ্টেম্বর-২১ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৬৪৮২, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২০,৫৮২, পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর)-৭৭.৭২%, গর্ভবতী-৮০৭ জন, অগ্রহণকারী-৫০৯৩ । তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা এবং কার্যক্রমের মাধ্যমে করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসাধারণকে বিশেষভাবে উদ্বুদ্ধ করা যেতে পারে। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৬ | সমাজ সেব অধিদপ্তর | উপজেলা নির্বাহী মহোদয় সভায় উপস্থিত, উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, মুক্তিযোদ্ধাদের ভাতা সংক্রান্ত বিষয়ে বিভিন্ন সময়ে ব্যাংকে বিভিন্ন জটিলতা দেখাদেয়। তিনি সংশ্লিষ্ট ব্যাক কর্মকর্তাকে মাসিক সভার সদস্য মনোনিত করার সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লিখি বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তাকে মাসিক সভায় সদস্য হিসাবে মনোনিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন, সেপ্টেম্বর-২১ মাস পর্যন্ত পিডিবিএফ তেরখাদা, খুলনা দপ্তরে মোট সমিতি ১১৩টি, মোট সদস্য সংখ্যা ৩৫১৪জন, মোট ঋনী সদস্য ২৪০৫জন, মোট সঞ্চয় স্থিতি ৫৭২.৩৪ লক্ষ, মোট ঋণ বিতরণ ১৫৪.৩১ লক্ষ টাকা, মোট ঋণ আদায় ১৪৮.১৪ লক্ষ টাকা। মোট মাঠে পাওনা ঋণের পরিমান ৫২৪.৪০ লক্ষ টাকা। মোট খেলাপী ৭৩.৫৮ লক্ষ্য টাকা। আদায়ের হার ৯৬%। তিনি বলেন খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসনিক সহায়তার প্রয়োজন। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা । |
| ০৮ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, এ উপজেলায় সমবায় সমতিরি সংখ্যা ৯২টি। কার্যকর সমিতির সংখ্যা ২৮টি , অডিট সম্পাদন হয়েছে ১০টি। অডিট ফি ধার্য্য করা হয়েছে কেন্দ্রীয়- ১৫,৫৭০/- টাকা, প্রথমিক সাধারন- ৩১,৬৭০/- টাকা এবং অডিট ফি আদায় হয়েছে কেন্দ্রীয়- ১৫,৫৭০/- টাকা, প্রথমিক সাধারন- ৩১,৬৭০/- টাকা। সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য করা হয়েছে কেন্দ্রীয়-৪৬৬৯/- টাকা, প্রাথমিক সাধারন-১০,৭৯৯/- টাকা। উন্নয়ন তহবিল আদায় ১০০%। আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পে ঋণ ছাড়কৃত অর্থ ৯,১০,০০০/- টাকা এ পর্যন্ত দাদন -১১,১৯০০০/- টাকা এপর্যন্ত আদায়- ৯,৩৬,৩৬৮/- টাকা অনাদায়ী ঋণের পরিমান- ২,৭২,১৫২/- টাকা। আদায়ের হার ৭৮%। দাপ্তরিক সকল কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা। |

**বিবিধ আলোচনা ঃ**

**আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ** উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২১ মাসে রাজস্ব তহবিলের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের আগস্ট/২১ মাসের সম্মানী, বাড়ী ভাড়া ও ভ্রমন ভাতা | ৫৩,৩৬১/- |
| ২। | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানরে আগস্ট/২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৩০০/- |
| ৩। | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানরে আগস্ট/২১ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৩০০/- |
| ৪। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর আগস্ট-২১ মাসের বেতন প্রদান | ১৩,০৫০/- |
| ৫। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কমরত পরিচ্ছন্নতাকর্মীর আগস্ট-২১ মাসের বেতন প্রদান | ১৩,০৫০/- |
| ৬। | আগস্ট/২১ মাসের আপ্যায়ন ও আনুষাঙ্গিক ব্যয় বিল. | ৩৫,০০০/- |

**সিদ্ধান্ত ঃ** উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় ।

সভাপতির বক্তব্য ঃ সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন । তেরখাদা বাজারে ব্রীজ নির্মাণ বাস্তবায়নের জন্য এবং বিকল্প রাস্তা ও বেইলি ব্রীজ নির্মানের জন্য তেরখাদা উপজেলাবাসির পক্ষথেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা মোতাবেক নাচুনিয়ায় ০১টি এবং ০৫নং তেরখাদা ইউনিয়নের আটলিয়া গ্রামে নদীতে ২টি কাঠের পুল নির্মাণ করা হয়েছে মর্মে অবহিত করনে। উপজেলার সকল উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের এক সঙ্গে কাজ করার আহবান জানান। তিনি সকল দপ্তর প্রধানদের উপজেলা পরিষদ মাসিক সভায় নিয়মিত হাজির হওয়ার অনুরোধ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃ পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/২০২১

(মোঃ শহীদুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
ও সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নম্বর- উনিঅ/তের/সভা-৯-৯/২০২১- ৭৩৩/১(৪০) তারিখঃ ০৩/১১/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

৪। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৫। উপজেলা ..........................................................................অফিসার, তেরখাদা, খুলনা।

৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।

৭। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।

৮। অফিস নথি।

03.11.21
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

পরিশিষ্ট-ক

**সভার তারিখ-২৮/১০/২০২১ খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ঘটিকা।**

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তেরখাদা, খুলনা। | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৭. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ১৮. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২১. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৩. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, তেরখাদা, খুলনা। | |
| ২৮. | ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ২৯. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা। | |
| ৩০. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

পরিশিষ্ট-খ

১. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
২. ইন্সটেক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা।
৩. উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা।
৪. উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, তেরখাদা, খুলনা।
৫. সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন।
৬. ফরেস্টার , বন বিভাগ, তেরখাদা
৭. তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প।
৮. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৯. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা।